

# YOU COULD BE A LIFE SAVER

2023 সালের বসন্তকালে অঙ্গ দান  
সম্পর্কিত আইন পরিবর্তিত হচ্ছে।

2023 সালের বসন্তকাল থেকে, অঙ্গ দান ব্যবস্থা একটি অপ্ট-আউট ব্যবস্থা হয়ে উঠবে। 'Daithi's Law' (ডাহির আইন)-এর অর্থ হচ্ছে যদি আপনার মৃত্যুর পর অঙ্গ দানের একটি সম্ভাবনা থাকে তাহলে আপনাকে একজন সাম্ভাব্য অঙ্গ দাতা হিসাবে বিবেচনা করা হবে, যদি না আপনি অপ্ট আউট [নাম প্রত্যাহার করা] করেন অথবা এক্সক্লুডেড [বাদ দেওয়া] গ্রুপভুক্ত হন।



আরো তথ্য পাবেন এখানে:  
[organdonationni.info](http://organdonationni.info)



অঙ্গ দান একটি ব্যক্তিগত সিদ্ধান্ত এবং এরপরও আপনি দান করতে চান কি না সে সিদ্ধান্ত গ্রহণ করার অধিকার আপনার থাকবে।

আপনি যদি অঙ্গ দাতা হতে না চান তাহলে আপনাকে এনএইচএস অর্গান ডোনার রেজিস্টার [অঙ্গ দাতা নিবন্ধন] থেকে অপ্ট আউট করতে হবে। আপনি 2023 সালের বসন্তকালে আইনটি পরিবর্তনের আগে এবং পরে যেকোনো সময় এটি করতে পারেন।

ততক্ষণ পর্যন্ত, আপনার মৃত্যুর পর যদি একজন দাতা হিসেবে বিবেচিত হতে চান, তাহলে অনুগ্রহ করে এনএইচএস অর্গান ডোনার রেজিস্টারে আপনার সিদ্ধান্ত রেকর্ড করা চালিয়ে যান।

আপনার সিদ্ধান্ত যাই হোক না কেন, অনুগ্রহ করে আপনার কাছে মানুশদের সাথে কথা বলবেন যেন তারা একটি কঠিন সময়ে আপনার সিদ্ধান্তকে সমর্থন করেন।

আইনটি পরিবর্তনের বিষয়ে আরও তথ্যের জন্য, অথবা অপ্ট আউট হওয়ার সিদ্ধান্ত নিবন্ধন করার জন্য, অনুগ্রহ করে [organdonationni.info](http://organdonationni.info) ভিজিট করুন।

\*এক্সক্লুডেড গ্রুপের মধ্যে রয়েছে:

- যাদের বয়স 18 বছরের কম
- সেসব ব্যক্তির যাদের নতুন আইন বোঝার মানসিক সক্ষমতার অভাব রয়েছে
- নর্দান আয়ারল্যান্ডে আগত দর্শনার্থীগণ
- অস্থায়ী বাসিন্দারা

